গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, পেট্রোবাংলা

এবং

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

**সূচিপত্র**

পৃষ্ঠা নং

পেট্রোবাংলার কর্মসম্পাদনের সার্বিকচিত্র................................. ৩

প্রস্তাবনা........................................................................................ ৪

সেকশন ১: পেট্রোবাংলার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি.......................................................................................... ...........৫

সেকশন ২: পেট্রোবাংলার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact).........৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.... ৭

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms) ............................................................ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপন পদ্ধতি....১২

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা...১৩

# পেট্রোবাংলার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জ্বালানি দেশের উন্নয়নের চালিকাশক্তি। অর্থনৈতিক উন্নয়নের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে বর্তমান সরকার জ্বালানি সরবরাহ নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করছে। আর এ লক্ষ্যে জাতীয় জ্বালানি নিরাপত্তা ঘোষিত রূপকল্প-২০২১ এর আলোকে দেশজ প্রাথমিক জ্বালানি তথা গ্যাস এবং কয়লার অনুসন্ধান, উন্নয়ন, উৎপাদনে পেট্রোবাংলা প্রান্তে বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সাম্প্রতিক সময়ে পেট্রোবাংলার আওতায় ৪টি অনুসন্ধান কূপ খনন, ১৩টি উন্নয়ন কূপ খনন এবং ১টি গ্যাস ক্ষেত্র (রূপগঞ্জ) আবিস্কার হয়েছে। ১টি খনন রিগ ও ৩টি প্রসেস প্লান্ট সংগ্রহ করা হয়েছে। ১২০০ লাইন কিঃ মিঃ দ্বিমাত্রিক এবং ১০১০ বর্গ কিঃ মিঃ ত্রিমাত্রিক জরিপ সম্পন্ন হয়েছে। ২০১২ সালের জুলাই মাসে গ্যাস সরবরাহ ২,২৩০ এমএমসিএফডি ছিল, যা বর্তমানে বৃদ্ধি পেয়ে ২,৭০০ এমএমসিএফডিতে উন্নীত হয়েছে। বিভিন্ন ব্যাসের ৪১৯ কিঃ মিঃ গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থাপন করা হয়েছে। বড়পুকুরিয়া কয়লা খনি হতে বর্তমানে দৈনিক গড় উৎপাদনের পরিমাণ ৪৫০০মেট্রিক টন। পেট্রোবাংলা কর্তৃক ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ অর্থ বছরে সিডিভ্যাট, ডিএসএল, লভ্যাংশ, আয়কর ও এসডি ভ্যাট ইত্যাদি বাবদ সরকারী কোষাগারে যথাক্রমে ৫৫৮৬.৫৮ কোটি টাকা, ৫৩৭৭.৯৪ কোটি টাকা ও ৬১৮০.৯৮ কোটি টাকা জমা দেয়া হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

দেশের অর্থনৈতিক সমৃদ্ধির সাথে সাথে প্রধান জ্বালানি প্রাকৃতিক গ্যাসের চাহিদা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। বিদ্যমান গ্রাহকের চাহিদা কমবেশী ৩,২০০ এমএমসিএফডি এর বিপরীতে বর্তমানে গড়ে ২,৭০০ এমএমসিএফডি উৎপাদন করা সম্ভব হচ্ছে। ফলে চাহিদার বিপরীতে ৫০০ এমএমসিএফডি এর মত ঘাটতি রয়েছে। এছাড়া গ্যাসের সুপ্ত চাহিদাও ৫০০ এমএমসিফডি হতে পারে বলে অনুমিত হয়। বর্তমানে ২৬টি গ্যাস ফিল্ডে অবশিষ্ট মজুদের পরিমাণ ১৪.০৮৫ টিসিএফ। এ মজুদ দ্বারা এখনই চাহিদা অনুযায়ী গ্যাস সরবরাহ করা সম্ভব হচ্ছে না। আগামী ২ বছরের মধ্যে বর্তমান মজুদ হতে গ্যাস উৎপাদনের হার সর্বোচ্চ মাত্রায় পৌঁছাবে। পরবর্তীতে বর্তমানে মজুদ হতে গ্যাস উৎপাদনের হার হ্রাস পেতে থাকবে। সুতরাং উৎপাদন বৃদ্ধি ও নতুন মজুদ আবিস্কার এই মূহূর্তে গ্যাস সেক্টরের জন্য বড় চ্যালেঞ্জ।

### ভবিষ্যৎ পরিকল্পনা

গ্যাসের ভবিষ্যত চাহিদা মেটানোর লক্ষ্যে ভূতাত্ত্বিক জরিপ-৫৭০ লাইন কিঃ মিঃ, দ্বিমাত্রিক জরিপ-৯৮০০ লাইন কিঃ মিঃ, ত্রিমাত্রিক জরিপ-২৯৪০ বর্গ কিঃ মিঃ, অনুসন্ধান কূপ খনন-১৬টি ও উন্নয়ন কূপ খনন-৮টি করা হবে। মহেশখালীতে বর্তমানে নির্মাণের জন্য প্রক্রিয়াধীন ৫০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন FSRU (Floating Storage and Regasification Unit) এর পাশাপাশি পটুয়াখালীর পায়রায় এবং কক্সবাজারের মহেশখালীতে একটি করে মোট দুটি Land based LNG Terminal স্থাপন করা হবে। ধনুয়া-এলেঙ্গা ও বঙ্গবন্ধু সেতুর পশ্চিমপাড় হতে নলকা পর্যন্ত ৩০" ব্যাসের ৬৭.২ কি:মি:, মহেশখালী-আনোয়ারা ৩০" ব্যাস X ৯১ কি.মি., আনোয়ারা সিজিএস হতে ফৌজদারহাট পর্যন্ত ৩৬" ব্যাস X প্রায় ৩০কি.মি. এবং সরাইল হতে খাটিহাতা এবং মালিহাতা হতে খাটিহাতা পর্যন্ত ১২'' ব্যাসের ৩.৫ কি:মি: পাইপলাইন নির্মাণ করা হবে। তাছাড়া বাখরাবাদ-ফেনী-চট্টগ্রাম গ্যাস সঞ্চালন পাইপলাইন, পদ্মা সেতু অংশ গ্যাস সঞ্চালন পাইপলাইন এবং ২য় বঙ্গবন্ধু সেতু (রেলওয়ে) অংশে গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ করা হবে। পেট্রোবাংলার আওতাধীন সকল বিতরণ কোম্পানিসমূহ কর্তৃক অনলাইন বিলিং পদ্ধতি চালুকরণ ও গ্যাস পাইপ লাইন নেটওয়ার্ক ও গ্যাস স্থাপনার জিআইএস ভিত্তিক ডিজিটাল ম্যাপ নির্মাণ করা হবে। জ্বালানি সাশ্রয় তথা জ্বালানি নিরাপত্তার স্বার্থে আবাসিক গ্রাহকদের মধ্যে গ্যাসের অপচয় ও সিস্টেম লস রোধ, ব্যবস্থাপনা ও জ্বালানি ব্যবহার দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সকল আবাসিক গ্রাহকের আঙ্গিনায় প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন করা হবে।

### ২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- দ্বিমাত্রিক জরিপ-৬১৫০ লাইন কিঃ মিঃ ও ত্রিমাত্রিক জরিপ-৮৪০ বর্গ কিঃ মিঃ
- অনুসন্ধান কূপ খনন-১টি (মোবারকপুর-১), উন্নয়ন-০৭টি (তিতাস-২৫, ২৬, বাখরাবাদ-১০, শ্রীকাইল-৪, সালদা-৪, বাংগুরা-৬, ৭ এবং ওয়ার্কঅভার কূপ খনন-৩টি (তিতাস-১০, ১১, ২১)
- মোট গ্যাস উৎপাদন-৯৪৮ বিসিএফ ও কনডেনসেট উৎপাদন-৬৫০ মিলিয়ন লিটার
- মহেশখালী-আনোয়ারা গ্যাস সঞ্চালন পাইপলাইন ৩০"ব্যাস ৯০ কি:মি: নির্মাণ প্রকল্পের সম্পাদন
- আশুগঞ্জ ও এলেঙ্গায় মোট ২টি কম্প্রেসার ইউনিট স্থাপন এবং বিজিএফসিএল এর ০৩টি
- কঠিন শিলা উৎপাদন লক্ষ্যমাত্রা ০.৪ মিলিয়ন মেট্রিক টন
- কয়লা উৎপাদন লক্ষ্যমাত্রা ১.১০ মিলিয়ন মেট্রিক টন

# প্রস্তাবনা/উপক্রমনিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর আওতাধীন পেট্রোবাংলার চেয়ারম্যান

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর মধ্যে ২০১৫ সালের ......................মাসের..........................তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হল:

# সেকশন ১:

## পেট্রোবাংলার রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প

দেশের প্রাথমিক জ্বালানি তথা-গ্যাস ও কয়লার চাহিদা সবার জন্য নিশ্চিতকরণ।

### ১.২ অভিলক্ষ্য:

- প্রাকৃতিক গ্যাস অনুসন্ধান ও উৎপাদন বৃদ্ধিকরণ;
- দেশের সকল অঞ্চল এবং আর্থ-সামাজিক গ্রুপে অন্তর্ভূক্ত সকলকে গ্যাস সরবরাহকরণ;
- প্রাকৃতিক গ্যাসের বিকল্প হিসেবে কয়লা সম্পদের মজুদ বৃদ্ধির উদ্যোগ গ্রহণ;
- পরিবেশ দূষণরোধকল্পে সিএনজি ও এলপিজি এর বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ;

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ

১.জ্বালানি নিরাপত্তা বৃদ্ধিকরণ
২.জ্বালানির কার্যকর ব্যবহার ও সরবরাহ বৃদ্ধিকরণ
৩.মানবসম্পদ-এর কর্মদক্ষতা বৃদ্ধিকরণ

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions):

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন অর্ডিন্যান্স ১৯৮৫ বলে পেট্রোবাংলাকে নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনের দায়িত্ব প্রদান করা হয়েছেঃ

১। খনন ও খনিজ অনুসন্ধান কার্যক্রমের মাধ্যমে তৈল, গ্যাস এবং খনিজ সম্পদ এর উপস্থিতি প্রধান, রিজার্ভের হিসাব এবং খনিজ সম্পদ আহরণের উদ্দেশ্যে উপযুক্ত আহরণ ও খনন পদ্ধতি পরিচালনা;
২। তৈল, গ্যাস এবং খনিজ সম্পদ উৎপাদন ও বিক্রয় এবং বিভিন্ন সময় সরকার কর্তৃক প্রদত্ত দায়িত্ব এবং কর্তব্য সম্পাদন;
৩। আবিষ্কৃত কয়লা ক্ষেত্রের উন্নয়ন ও তার সর্বোচ্চ ব্যবহারে প্রকল্প গ্রহণ, পরিচালনা ও নির্বাহকরণ;
৪। অনবায়নযোগ্য জ্বালানি দক্ষতা বৃদ্ধিকল্পে পদক্ষেপ গ্রহণ;
৫। তৈল, গ্যাস ও খনিজ বিষয়ে এবং প্রাকৃতিক গ্যাসের বিকল্প ব্যবহারে গবেষণা পরিচালনা;
৬। বর্ধিত জ্বালানি চাহিদা পূরণকল্পে তরলকৃত প্রাকৃতিক গ্যাস আমদানিকরণ;
৭। তৈল, গ্যাস এবং খনিজ সম্পদ আবিষ্কার এবং উন্নয়নের উদ্দেশ্যে পরিকল্পনা প্রণয়ন ও সম্পাদন।

# সেকশন ২

## পেট্রোবাংলার  বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল /প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তিবছর ২০১৩-১৪ | প্রকৃত ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | |
| মাথাপিছু অনবায়নযোগ্য জ্বালানী ব্যবহার বৃদ্ধি | মাথাপিছু গ্যাস ব্যবহার | সমতুল্য কিঃগ্রাম তৈল | ১৩৪.৫১ | ১৪৪.৭৫ | ১৫১.৮৪ | ১৫৭.৩২ | ১৫৫.৭৬ | ১) জ্বালানি ও খনিজ সপদ বিভাগ<br>২) অর্থ বিভাগ<br>৩) পরিকল্পনা কমিশন<br>৪) অর্থনৈতিক সর্ম্পক বিভাগ<br>৫) জাতীয় রাজস্ব বোর্ড<br>৬) পরিবেশ ও বন মন্ত্রণালয়<br>৭) বাংলাদেশ ব্যাংক | (১)পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের রিপোর্ট<br>(২) পিএসসি পরিদপ্তর, পেট্রোবাংলা<br>(৩) অপারেশন পরিদপ্তর, পেট্রোবাংলা |
| | মাথাপিছু কয়লা ব্যবহার | সমতুল্য কিঃগ্রাম তৈল | ৩.৮৯ | ২.৮২ | ৪.৫৪ | ৩.২৬ | ৪.০৩ | | |
| | মোট | | ১৩৮.৪০ | ১৪৭.৫৭ | ১৫৬.৩৮ | ১৬০.৫৮ | ১৫৯.৭৯ | | |

## সেকশন-৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক মান ২০১৫-১৬ (Target/Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৬-১৭ | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | আসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | পেট্রোবাংলার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | |
| (১)জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ | ৬০ | (১.১) গ্যাসের কূপ খনন | (১.১.১) খননকৃতকূপ | সংখ্যা | ৯ | ১২ | ১৪ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ৯ | ৫ |
| | | (১.২) গ্যাস উৎপাদন | (১.২.১) উৎপাদিত গ্যাস (দেশীয়) | বিসিএফ | ৮ | ৩৮১ | ৩৯২ | ৩৯৮ | ৩৫৮ | ৩১৮ | ২৭৯ | ২৩৯ | ৪১৪ | ৪০৬ |
| | | | (১.২.২) উৎপাদিত গ্যাস (বিদেশী) | বিসিএফ | ৮ | ৪৩৯ | ৫০১ | ৫৫০ | ৫৩০ | ৫২০ | ৫১০ | ৫০০ | ৫৫৯ | ৫৫৮ |
| | | (১.৩)গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ | (১.৩.১) সম্প্রসারিত গ্যাস সঞ্চালন পাইপলাইন | কিঃমিঃ | ৭ | ২৫০ | ২১০ | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ | ১০০ | - |
| | | (১.৪) ২ডি সিসমিক জরিপ | (১.৪.১) জরিপকৃত | লাইন কিঃমিঃ | ৫ | ৩৫৮ | ৩৭৪০ | ৬১৫০ | ৫৫৩৫ | ৪৯২০ | ৪৩০৫ | ৩৬৯০ | ৮০০ | ৯০০ |
| | | (১.৫) ৩ডি সিসমিক জরিপ | (১.৫.১) জরিপকৃত | বর্গ কিঃমিঃ | ৫ | ৪৮৫ | ৪৪৮ | ৮৪০ | ৭৫৬ | ৬৭২ | ৫৮৮ | ৫০৪ | ৪৫০ | ৫৫০ |
| | | (১.৬) শিলা উত্তোলন | (১.৬.১) শিলা উত্তোলন | মি.মে.টন | ৪ | ০.৭৫ | ১.০২ | ০.৪ | ০.৩৬ | ০.৩২ | ০.২৮ | ০.২৪ | ১ | ১.১ |
| | | (১.৭) পেট্রোলিয়াম প্রোডাক্টস্ এর উৎপাদন (এনজিএল ব্যতিত) | (১.৭.১) উৎপাদিত পেট্রোলিয়াম প্রোডাক্টস (এনজিএল ব্যতিত) | মি. লি. | ৪ | ৫৮০ | ৫৮৫ | ৬৫০ | ৫৮৫ | ৫২০ | ৪৫৫ | ৩৯০ | ৭৫০ | ৭৬০ |
| | | (১.৮) এনজিএল উৎপাদন | (১.৮.১) উৎপাদিত এনজিএল | মি. লি. | ৩ | ২৭.৬০ | ২৭.৬৩ | ২৫.৪৫ | ২২.৯০ | ২০.৩৭ | ১৭.৮২ | ১৫.২৭ | ২৫.২৩ | ২৫.০১ |
| | | (১.৯) কয়লা আহরণ | (১.৯.১) আহরিত কয়লা | মিঃ মেঃটন | ৩ | ০.৯৪৭ | ০.৬৭৬ | ১.১০ | ১.০০ | ০.৮৮ | ০.৭৭ | ০.৬৬ | ০.৮০ | ১.০০ |
| | | (১.১০) জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান | (১.১০.১) অনুসন্ধানকৃত জ্বালানির উৎস | সংখ্যা | ২ | ১ | - | ১ | ১ | ১ | ১ | ১ | - | ২ |
| | | (১.১১) গ্যাস কম্প্রেসর স্থাপন | (১.১১.১) স্থাপন-কৃত কম্প্রেসর | সংখ্যা | ২ | ২ | ৬ | ৫ | ৫ | ৪ | ৪ | ৩ | - | ৬ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন ২০১৪-১৫ | লক্ষমাত্রা/নির্ণায়ক মান ২০১৫-১৬ (Target/Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৬-১৭ | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | আসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | পেট্রোবাংলার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | |
| (২) দেশব্যাপী জ্বালানির সাশ্রয়ী ব্যবহার বৃদ্ধিকরণ | ১৭ | (২.১) অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ | (২.১.১) বিচ্ছিন্নকৃত সংযোগ | সংখ্যা | ১২ | ৪৫০০ | ১১৩১৭ | ১০৪৫০ | ৯৪০৫ | ৮৩৬০ | ৭৩১৫ | ৬২৭০ | ১০৭০০ | ১১১৫০ |
| | | (২.২) প্রি-পেইড /ইভিসিযুক্ত মিটার স্থাপন | (২.২.১) প্রি-পেইড মিটার | সংখ্যা | ৫ | - | ৮৭৯১ | ২২৯ | ২০৬ | ১৮৩ | ১৬০ | ১৩৭ | ৪০০০০ | ২০০০০০ |
| (৩)মানবসম্পদ-এর কর্মদক্ষতা বৃদ্ধিকরণ | ৮ | (৩.১) মানব সম্পদ উন্নয়ন | (৩.১.১) জনবল প্রশিক্ষিত | সংখ্যা | ৮ | ৭৪০ | ৭৫১ | ৭৯০ | ৭১১ | ৬৩২ | ৫৫৩ | ৪৭৪ | ৮২৫ | ৮৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সুচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| **পেট্রোবাংলার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর | ২৯ অক্টোবর |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত | তারিখ | ১ | ২৮ এপ্রিল ২০১৬ | ৫ মে ২০১৬ | ১২ মে ২০১৬ | ১৯ মে ২০১৬ | ২৬ মে ২০১৬ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | *প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১ ডিসেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| | | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | দপ্তর/সংস্থায় বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেন্স চার্টার প্রণয়ন | পরিবর্তিত ফরম্যাটে দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ০৭জানুয়ারী ২০১৬ | ১৪জানুয়ারী ২০১৬ | ২১জানুয়ারী ২০১৬ | ২৮জানুয়ারী ২০১৬ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | সংখ্যা | ১ | ৪ | ৪ | ৩ | ২ | ১ |
| | | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

*৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভূক্ত থাকবে।

আমি, চেয়ারম্যান পেট্রোবাংলা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান পেট্রোবাংলার নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

................................................ ১১/১০/১৫

চেয়ারম্যান, পেট্রোবাংলা — তারিখ

................................................ ২২.১০.১৫ ১১.১০.২০১৫

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ — তারিখ

## সংযোজনী-১

### শব্দ সংক্ষেপ
### (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | কিঃমিঃ | কিলোমিটার |
| ২ | মি.মে.ট. | মিলিয়ন মেট্রিক টন |
| ৩ | বিসিএফ | বিলিয়ন কিউবিক ফুট |
| ৪ | এডিবি | এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক |
| ৫ | টিসিএফ | ট্রিলিয়ন কিউবিক ফুট |
| ৬ | কেজিওই | কিলোগ্রাম ওয়েল ইকুইভ্যালেন্ট |
| ৭ | মি.লি | মিলিয়ন লিটার |

# সংযোজনী-২ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপন পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১.১) গ্যাসের কুপ খনন | (১.১.১) খননকৃতকূপ | কূপ খনন এর মাধ্যমে গ্যাস উৎপাদন করা হয়। | আইওসি এবং বাপেক্স/পেট্রোবাংলা | পিএসসি পরিদপ্তর, পেট্রোবাংলা এবং বাপেক্স এর রিপোর্ট | |
| (১.২)গ্যাস উৎপাদন বৃদ্ধি | (১.২.১) উৎপাদিত গ্যাস (দেশীয়) | দেশী কোম্পানী কর্তৃক গ্যাস উৎপাদন করা হয়। | বিজিএফসিএল, এসজিএফএল/পেট্রোবাংলা | সংশ্লিষ্ট কোম্পানি এবং পেট্রোবাংলার এমআইএস রিপোর্ট | |
| | (১.২.২) উৎপাদিত গ্যাস ( বিদেশী) | বিদেশী কোম্পানী কর্তৃক গ্যাস উৎপাদন করা হয়। | আইওসি এবং পেট্রোবাংলা | পিএসসি পরিদপ্তর, পেট্রোবাংলা | |
| (১.৩) গ্যাস সঞ্চালন পাইপ লাইন সম্প্রসারন | (১.৩.১) সম্প্রসারিত গ্যাস সঞ্চালন পাইপ লাইন | গ্যাসের কুপ থেকে গ্যাস সঞ্চালন এর জন্য পাইপ লাইন নির্মাণ করা হয়। | জিটিসিএল/পেট্রোবাংলা | সংশ্লিষ্ট কোম্পানির রিপোর্ট | |
| (১.৪)২-ডি সিসমিক জরিপ | (১.৪.১) জরিপকৃত | গ্যাস অনুসন্ধানের জন্য দেশের বিভিন্ন জায়গায় জরিপ করা হয়। | বাপেক্স/পেট্রোবাংলা | সংশ্লিষ্ট কোম্পানির রিপোর্ট | |
| (১.৫)৩-ডি সিসমিক জরিপ | (১.৫.১) জরিপকৃত | গ্যাস অনুসন্ধানের জন্য দেশের বিভিন্ন জায়গায় জরিপ করা হয়। | বাপেক্স/পেট্রোবাংলা | সংশ্লিষ্ট কোম্পানির রিপোর্ট | |
| (১.৬)শিলা উত্তোলন | (১.৬.১) শিলা উত্তোলন | খনির মাধ্যমে কঠিন শিলা উত্তোলিত হয়। | এমজিএমসিএল/পেট্রোবাংলা | সংশ্লিষ্ট কোম্পানির রিপোর্ট | |
| (১.৭)পেট্রোলিয়াম প্রোডাক্টস্ (এনজিএল ব্যতিত)এর উৎপাদন | (১.৭.১) উৎপাদিত পেট্রোলিয়াম প্রোডাক্টস (এনজিএল ব্যতিত) | প্রসেস প্লান্ট এর মাধ্যমে পেট্রোলিয়াম প্রোডাক্টস উৎপাদন করা হয়। | আইওসিসমূহ, এসজিএফএল, বিজিএফসিএল, বাপেক্স/পেট্রোবাংলা | পিএসসি পরিদপ্তর, পেট্রোবাংলা এবং সংশ্লিষ্ট কোম্পানির রিপোর্ট | |
| (১.৮) এনজিএল উৎপাদন | (১.৮.১) উৎপাদিত এনজিএল | ফ্রাকশনেশন প্লান্ট এর মাধ্যমে এনজিএল হতে প্রধানতঃ এলপিজি, পেট্রোল ও ডিজেল উৎপাদন করা হয়। | আরপিজিসিএল/পেট্রোবাংলা | পেট্রোবাংলার এমআইএস রিপোর্ট | |
| (১.৯)কয়লা আহরন | (১.৯.১) আহরিত কয়লা | কয়লা খনির মাধ্যমে কয়লা আহরিত হয়। | বিসিএমসিএল/পেট্রোবাংলা | পেট্রোবাংলার এমআইএস রিপোর্ট | |
| (১.১০)অনুসন্ধানকৃত কূপ | (১.১০.১) অনুসন্ধানকৃত কূপ | দেশের বিভিন্ন স্থানে বিভিন্ন উৎসের জ্বালানির জন্য অনুসন্ধান করা হয়। | বাপেক্স/পেট্রোবাংলা | সংশ্লিষ্ট কোম্পানির রিপোর্ট | |
| (১.১১) কম্প্রেসর স্থাপন | (১.১১.১) স্থাপনকৃত কম্প্রেসর | জাতীয় গ্যাস সঞ্চালনের নির্দিষ্ট মান অনুযায়ী সঞ্চালনের জন্য ওয়েল হেড এ গ্যাস কম্প্রেসারের মাধ্যমে গ্যাস সংকুচিত করা হয। | জিটিসিএল/পেট্রোবাংলা | সংশ্লিষ্ট কোম্পানির রিপোর্ট | |
| (২.১) অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ | (২.১.১)বিচ্ছিন্নকৃত গ্রাহক | জ্বালানি নিরাপত্তা বিধানে নিশ্চিতকরণের পূর্বাবশ্যক হলো বানিজ্যিক ও কারিগরীভাবে জুতসই জ্বালানি খাত। সিস্টেম লস কমানোর জন্য বেআইনি গ্যাস সংযোগসমূহ বিচ্ছিন্ন করা হয়। | টিজিটিডিসিএল ,বিজিডিসিএল, কেজিডিসিএল, পিজিসিএল, জেজিটিডিএসএল , এসজিসিএল/পেট্রোবাংলা | পেট্রোবাংলার এমআইএস রিপোর্ট | |
| (২.২) প্রি-পেইড /ইভিসিযুক্ত মিটার স্থাপন | (২.২.২)স্থাপনকৃত প্রি-পেইড মিটার | দক্ষভাবে জ্বালানির ব্যবহার বৃদ্ধিতে প্রি-পেইড মিটার স্থাপন করা হয়। | টিজিটিডিসিএল, বিজিডিসিএল,কেজিডিসিএল, পিজিসিএল,জেজিটিডিএসএল,এসজিসিএল/পেট্রোবাংলা | কোম্পানিসমূহের রিপোর্ট | |
| (৩.১) মানব সম্পদ উন্নয়ন | (৩.১.১)প্রশিক্ষিত জনবল | পেট্রোবাংলা এবং এর আওতাধীন কোম্পানীসমূহেরে মানব সম্পদ উন্নয়নে দেশীয় এবংবৈদেশিক প্রশিক্ষণ দেয়া হয় | পেট্রোবাংলা | পেট্রোবাংলা ও আওতাধীন কোম্পানিসমূহের মানব সম্পদ উন্নয়ন বিভাগ | |

## সংযোজনী ৩: কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| সংস্থার ধরণ | সংস্থার নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত সংস্থার নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত সংস্থার নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.১.১)খননকৃত কূপ | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | গ্যাস উৎপাদন বিঘ্নিত হবে |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | | প্রকল্প অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | প্রকল্প অনুমোদন | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থনৈতিক সম্পদ বিভাগ | | বৈদেশিক বিনিয়োগের জন্য উন্নয়ন সহযোগী দেশের সহিত যোগাযোগ | সরকারী আইন অনুযায়ী | বৈদেশিক বিনিয়োগ | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | | ফান্ডের অনুমোদন এবং হস্তান্তর | সরকারী আইন অনুযায়ী | ফান্ড | |
| পরিবেশ ও বন মন্ত্রণালয় | পরিবেশ বিভাগ | | প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | |
| জ্বালানি/প্রশাসনিক | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.২.১) উৎপাদিত গ্যাস(দেশী) | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | গ্যাস উৎপাদন হ্রাস পাবে |
| জ্বালানি/প্রশাসনিক | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.২.২)উৎপাদিত গ্যাস(বিদেশী) | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | গ্যাস উৎপাদন হ্রাস পাবে |
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.৩.১)গ্যাস সঞ্চালন পাইপ লাইন সম্প্রসারন | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | গ্যাস সঞ্চালন বিঘ্নিত হবে। |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | | প্রকল্প অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | প্রকল্প অনুমোদন | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থনৈতিক সম্পদ বিভাগ | | বৈদেশিক বিনিয়োগের জন্য উন্নয়ন সহযোগী দেশের সহিত যোগাযোগ | সরকারী আইন অনুযায়ী | বৈদেশিক বিনিয়োগ | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | | ফান্ডের অনুমোদন এবং হস্তান্তর | সরকারী আইন অনুযায়ী | ফান্ড | |
| জন প্রশাসন মন্ত্রণালয় | প্রশাসন | | ভূমি গ্রহণ এবং চাহিদা | সরকারী আইন অনুযায়ী | ভূমি | |
| অর্থ মন্ত্রণালয় | জাতীয় আয়কর ও রাজস্ব বোর্ড | | প্রকল্প দ্রব্যাদির ভ্যাট,ট্যাক্স এবং কনসালটেন্ট এর আয়কর | সরকারী আইন অনুযায়ী | ভ্যাট ও ট্যাক্স | |
| পরিবেশ ও বন মন্ত্রণালয় | পরিবেশ বিভাগ | | প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ | সরকারী আইন অনুযায়ী | প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ | |

## সংযোজনী ৩: কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| সংস্থার ধরণ | সংস্থার নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত সংস্থার নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত সংস্থার নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.৪.১) সম্পাদিত সিসমিক জরিপ (২ডি) | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | কূপ খনন কার্যক্রম বিঘ্নিত হবে |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | | প্রকল্প অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | প্রকল্প অনুমোদন | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থনৈতিক সম্পদ বিভাগ | | বৈদেশিক বিনিয়োগের জন্য উন্নয়ন সহযোগী দেশের সহিত যোগাযোগ | সরকারী আইন অনুযায়ী | বৈদেশিক বিনিয়োগ | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | | ফান্ডের অনুমোদন এবং হস্তান্তর | সরকারী আইন অনুযায়ী | ফান্ড | |
| পরিবেশ ও বন মন্ত্রণালয় | পরিবেশ বিভাগ | | প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | কূপ খনন কার্যক্রম বিঘ্নিত হবে |
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.৫.১)সম্পাদিত সিসমিক জরিপ (৩ডি) | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | | প্রকল্প অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | প্রকল্প অনুমোদন | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থনৈতিক সম্পদ বিভাগ | | বৈদেশিক বিনিয়োগের জন্য উন্নয়ন সহযোগী দেশের সহিত যোগাযোগ | সরকারী আইন অনুযায়ী | বৈদেশিক বিনিয়োগ | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | | ফান্ডের অনুমোদন এবং হস্তান্তর | সরকারী আইন অনুযায়ী | ফান্ড | |
| পরিবেশ ও বন মন্ত্রণালয় | পরিবেশ বিভাগ | | অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | |
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.৬.১) কঠিন শিলা উত্তোলন | প্রকল্প অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | কঠিন শিলা উত্তোলন হ্রাস পাবে। |
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.৭.১) উৎপাদিত পেট্রোলিয়াম দ্রব্যাদি(এনজিএল ব্যতিত) | বৈদেশিক বিনিয়োগ | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | |
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.৮.১)উৎপাদিত এনজিএল | ফান্ড | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | |
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.৯.১)কয়লা উত্তোলন | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | কয়লা উত্তোলন হ্রাস পাবে। |

## সংযোজনী ৩: কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| সংস্থার ধরণ | সংস্থার নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত সংস্থার নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত সংস্থার নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.১০.১)অনুসন্ধানকৃত কূপ | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | গ্যাস উৎপাদন বিঘ্নিত হবে |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | | প্রকল্প অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | প্রকল্প অনুমোদন | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থনৈতিক সম্পদ বিভাগ | | বৈদেশিক বিনিয়োগের জন্য উন্নয়ন সহযোগী দেশের সহিত যোগাযোগ | সরকারী আইন অনুযায়ী | বৈদেশিক বিনিয়োগ | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | | ফান্ডের অনুমোদন এবং হস্তান্তর | সরকারী আইন অনুযায়ী | ফান্ড | |
| পরিবেশ ও বন মন্ত্রণালয় | পরিবেশ বিভাগ | | প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ | সরকারী আইন অনুযায়ী | প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ | |
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.১১.১)স্থাপনকৃত কম্প্রেসর | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | গ্যাস সঞ্চালন বিঘ্নিত হবে |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | | প্রকল্প অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | প্রকল্প অনুমোদন | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থনৈতিক সম্পদ বিভাগ | | বৈদেশিক বিনিয়োগের জন্য উন্নয়ন সহযোগী দেশের সহিত যোগাযোগ | সরকারী আইন অনুযায়ী | বৈদেশিক বিনিয়োগ | |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | | ফান্ডের অনুমোদন এবং হস্তান্তর | সরকারী আইন অনুযায়ী | ফান্ড | |
| পরিবেশ ও বন মন্ত্রণালয় | পরিবেশ বিভাগ | | প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ | সরকারী আইন অনুযায়ী | প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ | |
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (২.১.১)গ্রাহক বিচ্ছিন্নকরণ | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | সিস্টেম লস হ্রাস পাবে না |
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | বাংলাদেশ পুলিশ | | নিরাপত্তা নিশ্চিতকরন | সরকারী আইন অনুযায়ী | নিরাপত্তা | সিস্টেম লস হ্রাস পাবে না |
| স্বরাষ্ট্র মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (২.২.২)প্রি-পেইড মিটার স্থাপন | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | সিস্টেম লস হ্রাস পাবে না |
| বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (৩.১.১) জনবল প্রশিক্ষণ | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | অনুমোদন | জনবল প্রশিক্ষিত হবে না |